

ধনবাড়ী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
(বিআরডিবি'র আওতাধীন)
ধনবাড়ী, টাঙ্গাইল

আরক নং- ৪৭.৬২.৯৩২৫.২০০.২০.০০১.২৩১

তারিখঃ ২৭/০৮/২০২৩ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আওতাভুক্ত ধনবাড়ী ইউ সি সি এ লিঃ এর শুন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নে বর্ণিত পদে নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের ছায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। (উল্লেখ্য যে, ধনবাড়ী উপজেলায় ছায়ীভাবে বসবাসরত প্রাচীনদের অধিকার দেওয়া হবে)

| ক্রমিক নং- | পদের নাম | জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------------|----------|-----------------------------------|-------------|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিদর্শক | ১০,২০০-২৬৫৯০/- | ০১(এক) জন | এইচ.এস.সি./সমমান ডিগ্রি(কম্পিউটার (মাইক্রোফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট) পরিচালনায় পারদর্শীদের অধিকার দেয়া হবে |

শর্তাবলীঃ-

- ১। আবেদনপত্রঃ- (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) ছায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) ১৫.০৯.২০২৩ খ্রি তারিখে প্রার্থীর বয়স (ঝ) জাতীয়তা (ঝঝ) ধর্ম (ট) প্রার্থীকে কম্পিউটার পারদর্শী হতে হবে (ঠ) অভিজ্ঞতা যদি থাকে উল্লেখ করতে হবে। (ড) প্রার্থীর সচল মোবাইল নম্বর।
- ২। আবেদন পত্রের সহিত (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪(চার) কপি সত্যায়িত ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/ সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক নাগরিকত্বের সনদপত্র ও গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারত্রিক সনদপত্র (গ) শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (ঝ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (সত্যায়িত) (ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ছায়ালিপি। বাংলাদেশ গেজেট লাল মুক্তি বার্তার সনদের সত্যায়িত ছায়ালিপি। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত ছায়ালিপি। (চ) মহিলা ব্যতিত অন্যান্য কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কঠুপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমানপত্রের সত্যায়িত ছায়ালিপি।
- ৩। দরখাস্তের সাথে ৫০০/- (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে অর্ডার ধনবাড়ী ইউসিসি এ লিঃ, ধনবাড়ী, টাঙ্গাইল, সোনালী ব্যাংক, ধনবাড়ী শাখার অনুকূলে দাখিল করতে হবে।
- ৪। প্রার্থীর বয়স আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা ও পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে উক্ত বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৫। চাকুরীর প্রার্থীদের তাদের স্ব স্ব বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, ধনবাড়ী, টাঙ্গাইল বরাবর আগামী ১৭/০৯/২০২৩ খ্রি তারিখে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ৭। ধনবাড়ী উপজেলার প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মানবিকতা থাকতে হবে এবং নিয়োগপ্রাপ্ত কর্মচারী বাংলাদেশের যে কোন ইউসিসিএলিঃ এ বদলীযোগ্য।
- ৮। নিয়োগকৃত কর্মচারী বিআরডিবি'র কর্মচারী হিসেবে গন্য কিংবা ভবিষ্যতে রাজস্ব বাজেটভূক্ত এবং বিআরডিবি'র চাকুরীর জন্য যোগ্য বা অধিকার প্রাপ্ত মর্মে গন্য হবে না।
- ৯। নিয়োগকৃত কর্মচারী বিআরডিবি'র কর্মচারী হিসেবে গন্য কিংবা ভবিষ্যতে রাজস্ব বাজেটভূক্ত এবং বিআরডিবি'র চাকুরীর জন্য যোগ্য বা অধিকার প্রাপ্ত মর্মে গন্য হবে না।
- ১০। লিখিত ও মৌখিক পরীক্ষার দিন তারিখ পরবর্তীতে জানানো হবে।
- ১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, কাটাহেড়া এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- ১২। কোনোক্ষণ কারণ দর্শনানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া বা নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।
- ১৩। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


২৭/০৮/২৩

মোঃ জাফির হোসেন
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
ধনবাড়ী, টাঙ্গাইল।